ইত্তেফাক

065

তারিখ ... ২১।১২।৭৯ ...
পৃষ্ঠা ... ৫ কলাম ... ৪ ...

## বিজ্ঞান ও গণিত শিক্ষকদের জন্য এ্যাওয়ার্ড

কমনওয়েলথ দেশের বিজ্ঞান ও গণিত শিক্ষকদের সমিতি (সি এ এস এম ই) ১৯৭৯/৮০ সনের জন্য কয়েকটি প্রতিযোগিতামূলক পুরস্কার ঘোষণা করিয়াছে। এইগুলি সমগ্র কমনওয়েলথব্যাপী প্রাথমিক, মাধ্যমিক ও শিক্ষক প্রশিক্ষণ; বিদ্যালয়ের উপযুক্ত শিক্ষকদের জন্য খোলা। জাতীয় ও আন্তর্জাতিকভাবে বিজ্ঞান ও গণিতের ছাত্রদের শিক্ষার মান উন্নত করার লক্ষ্যে ব্যক্তিগত অভিজ্ঞতা প্রসূত বা মৌলিক চিন্তার ভিত্তিতে ইংরেজী ভাষায় রচিত প্রবন্ধের ভিত্তিতে এইসব পুরস্কার দেওয়া হইয়া থাকে। এইগুলির মোট পরিমাণ ১০ হাজার ৩৫০ টাকা।

বিস্তারিত তথ্যের জন্য বৃটিশ কাউন্সিল, পোষ্ট বক্স-১৬১, ঢাকা-২ এই ঠিকানায় যোগাযোগ করিতে হইবে। এ জন্য প্রয়োজনীয় ডাক টিকেট ও পূর্ণ ঠিকানাসহ আগামী ৩১শে ডিসেম্বরের মধ্যে আবেদন করিতে হইবে। খামের উপরে 'সিএএসএমই এ্যাওয়ার্ড' লিখিতে হইবে বলিয়া বিআইএস প্রেসনোটে উল্লেখ করা হইয়াছে।